

## জাপানে বাংলাদেশ দূতাবাসে এনআইডি সেবা চালু

- A Monitor Desk Report

Date: 23 August, 2025



**ঢাকাঃ** জাপানের টোকিওতে বাংলাদেশ দূতাবাসে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সেবা কার্যক্রম শুরু হয়েছে।

শুক্রবার ( ২২ আগস্ট) দূতাবাসের হলরুমে আনুষ্ঠানিকভাবে এই সেবার উদ্বোধন করেন নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে টোকিওতে বাংলাদেশ দূতাবাস।

সেবা কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আখতার আহমেদ বলেন, জাপানে অনেক প্রবাসী বাংলাদেশির জাতীয় পরিচয়পত্র নেই। এ কারণে দেশে বিভিন্ন সেবা নিতে তারা সমস্যায় পড়েন। এখন থেকে জাপান প্রবাসীরা দূতাবাসের মাধ্যমেই এনআইডি সংক্রান্ত সব সেবা নিতে পারবেন।

তিনি আরও জানান, আগামী নির্বাচনে প্রবাসীরা যেন ডাকযোগে (পোস্টাল ব্যালটের মাধ্যমে) ভোট দিতে পারেন, সে ব্যবস্থাও করা হচ্ছে।

জাপানে বাংলাদেশের রাষ্ট্রদূত মো. দাউদ আলী বলেন, দীর্ঘদিনের দাবির পর জাপানে এনআইডি সেবা চালুর মাধ্যমে প্রবাসী বাংলাদেশিরা বড় সুবিধা পাবেন।

অনুষ্ঠানে নির্বাচন কমিশনের কর্মকর্তা, জাপানে প্রবাসী বাংলাদেশি কমিউনিটির প্রতিনিধি এবং দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

দূতাবাস জানায়, জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করতে হলে অনলাইনে [services.nidw.gov.bd](http://services.nidw.gov.bd) ওয়েবসাইটে ফর্ম পূরণ করতে হবে। এরপর দূতাবাসে গিয়ে বায়োমেট্রিক তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।

